

প্রেস রিলিজ

তারিখ: ২১ জানুয়ারি ২০২৬

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুলে উৎসবমুখর পরিবেশে “পিঠা উৎসব ২০২৬” অনুষ্ঠিত


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) ল্যাবরেটরি স্কুলের উদ্যোগে আজ বুধবার (২১ জানুয়ারি ২০২৬) স্কুল প্রাঙ্গণে আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে “পিঠা উৎসব ২০২৬” অনুষ্ঠিত হয়েছে। সকাল ১১টা থেকে দুপুর ৩টা পর্যন্ত দিনব্যাপী এ উৎসব আয়োজিত হয়।

বাংলার আবহমান লোকজ সংস্কৃতি ও ঐতিহ্যবাহী পিঠার স্বাদ নতুন প্রজন্মের কাছে তুলে ধরার লক্ষ্যে এ উৎসবের আয়োজন করা হয়। উৎসবে নানা ধরনের ঐতিহ্যবাহী ও নান্দনিকভাবে সাজানো পিঠার স্টল স্থান পায়, যা শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের ব্যাপক আগ্রহ ও অংশগ্রহণে প্রাণবন্ত হয়ে ওঠে।

উৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম পিঠা উৎসব ২০২৬-এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। উদ্বোধনী বক্তব্যে তিনি বলেন, “পিঠা আমাদের গ্রামীণ ঐতিহ্য ও সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের মধ্যে দেশীয় সংস্কৃতি, সামাজিক মূল্যবোধ ও সৃজনশীলতার বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে”।

উদ্বোধন শেষে মাননীয় উপাচার্য আবহমান বাংলার ঐতিহ্যবাহী নানা ধরনের আকর্ষণীয় পিঠার স্টল ঘুরে দেখেন এবং পিঠার স্বাদ উপভোগ করেন।

এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম, উন্মুক্ত ল্যাবরেটরি স্কুল পরিচালনা কমিটির সভাপতি ও বাউবির কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের ডিন অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলামসহ সংশ্লিষ্ট কমিটির সদস্যবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা এবং উন্মুক্ত ল্যাবরেটরি স্কুলের প্রধান শিক্ষক মোঃ শামছুল হক খান, শিক্ষকবৃন্দ, শিক্ষার্থী ও অভিভাবকরা।



মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)